

কে যেতেছিস, আয় রে হেথা— হৃদয়খানি যা-না দিয়ে ।
 বিশ্বাধরের হাসি দেব, সুখ দেব, মধুমাখা দুঃখ দেব,
 হরিণ-আঁথির অক্ষ দেব অভিমানে মাখাইয়া ॥
 অচেতন করব হিয়ে বিষে-মাখা সুধা দিয়ে,
 নয়নের কালো আলো মরমে বরষিয়ে ॥
 হাসির ঘায়ে কাঁদাইব, অক্ষ দিয়ে হাসাইব,
 মৃগালবাহু দিয়ে সাধের বাঁধন বেঁধে দেব ।
 চোখে চোখে রেখে দেব—
 দেব না হৃদয় শুধু, আর সকলই যা-না নিয়ে ॥

Parjaay: Prem O Prakriti, Taal: Dadra, Raag: Mishra Bagesree
 Visit www.geetabitan.com for notation and other detail